# সুশাসন প্রতিষ্ঠায় স্বচ্ছতা ও জাবাবদিহিতার গুরুত্ব

**উপস্থাপনায়ঃ**
শাহীন আহম্মেদ
সিনিয়র প্ল্যানার
নগর উন্নয়ন অধিদপ্তর
সিলেট আঞ্চলিক কার্যালয়
তোপখানা, সিলেট
মোবাইলঃ ০১৭৭৭-৪০০-৯৫৯
ই-মেইলঃ ashaheen11921@gmail.com
uddsylhet@yahoo.com

Content: Collected

# সুশাসনের প্রেক্ষাপট

- ল্যাটিন আমেরিকা ও আফ্রিকা মহাদেশে বিশ্বব্যাংকের ব্যর্থতার ফলে ১৯৮৯ সালে বিশ্বব্যাংক কর্তৃক সুশাসনের ধারণাটি উদ্ভব হয়।
- এটি বিশ্বব্যাংকের প্রেসক্রিপশন নামে পরিচিত।
- ‘সুশাসন’ একটি অংশগ্রহণমূলক শাসন ব্যবস্থা।
- আধুনিক গণতান্ত্রিক রাষ্ট্রে ‘সুশাসন’ শব্দটি ব্যাপকভাবে আলচিত হয়।
- আধুনিক বিশ্বে এর গুরুত্ব উপলব্ধি করে ১৯৯৫ সালে।
- ADB এবং ১৯৯৮ সালে IDA সুশাসনের উপর প্রতিবেদন প্রকাশ করে।
- সকল জটিলতা ও প্রতিবন্ধকতাকে কাটিয়ে সর্বাধিক জনকল্যাণ সাধনই এর প্রধান লক্ষ্য ও উদ্দেশ্য।

# সুশাসন বলতে কি বুঝায়

- ‘সু’ উপসর্গযোগে ‘সুশাসন’ শব্দটি গঠিত হয়েছে।
- ‘সু’ অর্থ হলো ভালো, উত্তম, উৎকৃষ্ট, সুন্দর, মধুর, শুভ ইত্যাদি।
- আর ‘সুশাসন’ হলো ন্যায়নীতি অনুসারে উত্তমরূপে সুষ্ঠুভাবে ও নিরপেক্ষ দৃষ্টিতে দেশ বা রাষ্ট্র শাসন।
- সুশাসন হলো একটি কাঙ্ক্ষিত রাষ্ট্রীয় ব্যবস্থার প্রতিফলন।
- সময়ের প্রয়োজনে এবং শাসক ও শাসিতের সম্পর্কের ভিত্তিতে কোনো দেশের শাসন পদ্ধতির বিবর্তন হয়ে থাকে।

# সুশাসন বলতে কি বুঝায়

- শাসিতের কাম্য শুধু শাসন নয়, সুশৃঙ্খল ও নিয়মতান্ত্রিক শাসন- যাকে আমরা সুশাসন বলতে পারি।
- কোনো দেশে সুশাসন আছে কিনা তা বোঝার জন্য প্রথমে দেখতে হবে সে দেশে শাসকের বা সরকারের জবাবদিহিতা আছে কি-না এবং
- গণতান্ত্রিক পরিবেশে দুর্নীতিমুক্ত প্রশাসনিক স্বচ্ছতা আছে কি-না।

# সুশাসনের প্রধান উপাদানঃ

১। জবাবদিহিতা

২। স্বচ্ছতা

৩। আইনের শাসন

৪। একতা

৫। মানবাধিকারের প্রতি সম্মান

৬। স্বাধীন বিচার ব্যবস্থা

৭। অংশগ্রহণ

৮। দূর্নীতির অপব্যবহার

# সুশাসনের প্রধান উপাদানঃ

৯। তথ্য অধিকার

১০। প্রশাসনিক দক্ষতা

১১। প্রশাসনিক নিরপেক্ষতা: মেধাভিত্তিক সরকারী চাকুরী

# ১। জবাবদিহিতা

- শক্তিশালী জবাবদিহিতা উন্নয়নের উদ্দ্যশ্য অর্জনে সহযোগিতা করে।
- সুশাসনের মূল চাবিকাঠি।
- সম্পাদিত কর্ম সম্পর্কে একজন ব্যক্তির ব্যাখ্যাদানের বাধ্যবাধকতা।
- সরকারের যেমন জনগণের কাছে তার কর্মের জন্য জবাবদিহি করতে হবে,
- তেমনি অন্যান্য বেসরকারি প্রতিষ্ঠানেরও জবাবদিহি করতে হবে
- জবাবদিহিতা না থাকলে সরকার স্বোচ্ছাচারী হতে পারে।
- সরকার স্বেচ্ছাচারী হলে সুশাসন থাকে না।
- প্রশাসনিক বা আমলাতান্ত্রিক জবাবদিহিতার গুরুত্ব সবচেয়ে বেশি।

# ১। জবাবদিহিতা...চলমান

- রাজনৈতিক জবাবদিহিতা যদি দুর্বল হয় তবে তা সামাজিক ও অর্থনৈতিক-উভয় খাতকে প্রভাবিত করে।
- দুর্নীতি কমানোর ক্ষেত্রে রাজনৈতিক জবাবদিহিতা অর্থনৈতিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে।

# ২। স্বচ্ছতা

- যখন আইন এবং নীতি মেনে কোন সিদ্ধান্ত গ্রহণ এবং তার বাস্তবায়ন করা হয় তখন তাকে স্বচ্ছতা বলে।
- একটি স্বচ্ছ সিদ্ধান্ত গ্রহণ এবং বাস্তবায়নের ফলে যারা প্রভাবিত হবে তারা স্বাধীনভাবে এবং সরাসরি সে সকল তথ্য সম্পর্কে জানতে পারবে।
- পর্যাপ্ত তথ্য সরবরাহ করবে যেটি গণমাধ্যমে সহজেই প্রচার করা যাবে।
- স্বচ্ছতার স্তম্বগুলো হচ্ছে (১)তথ্য প্রবাহ, (২) তথ্য উন্মুক্তকরণ, (৩) ই-তথ্য সেবা প্রতিষ্ঠা, এবং (৪) দুর্নীতি প্রতিরোধে কার্যকর পদক্ষেপ

# বাংলাদেশে সুশাসনের অন্তরায়সমূহ

১. রাজনৈতিক ও প্রশাসনিক জবাবদিহিতার অভাব

২. অংশগ্রহণের অভাব

৩. আইনের শাসনের অভাব

৪. বিকেন্দ্রীকরণের অভাব

৫. দুর্নীতি

৬. মানবাধিকার লঙ্ঘন ও ক্ষমতার অপব্যবহার

৭. আমলাতান্ত্রিকতা ও দুর্বল সুশীল সমাজ

৮. দারিদ্র্য ও নিম্নমানের রাজনৈতিক সংস্কৃতি

# বাংলাদেশে সুশাসন প্রতিষ্ঠার উপায়

১. দূর্নীতি প্রতিরোধ

২. জবাবদিহিতা নিশ্চিতকরণ

৩. এনজিওদের ভূমিকা পালনের সুযোগ সৃষ্টি

৪. গণমাধ্যমের স্বাধীনতা নিশ্চিতকরণ

৬. নারীর ক্ষমতায়ন

৭. রাজনৈতিক প্রাতিষ্ঠানিকীকরণ

৮. রাজনৈতিক সদিচ্ছা

# ধন্যবাদ